ঝিনাইদহে ইজি বাইকের চাকায় ওড়না পেঁচিয়ে কলেজ ছাত্রীর মৃত্যু

অনার্স পরীক্ষা শেষ করে ঘুরতে বেরিয়েছিল সুমাইয়া। বাড়ি থেকে বের হয়ে চুয়াডাঙ্গা যাওয়ার পথে ইজি বাইকের মোটরে গলার ওড়না পেঁচিয়ে প্রাণ গেছে সুমাইয়া খাতুন (২৩) নামে এক কলেজ ছাত্রীর।

রোববার বেলা ১টার দিকে ঝিনাইদহ-চুয়াডাঙ্গা মহাসড়কের সাধুহাটী ইউনিয়ন পরিষদের পাশের বোড়াই গ্রাম মাঠ এলাকায় এ ঘটনা ঘটে।

সুমাইয়া হরিণাকুণ্ডু উপজেলার কুলবাড়িয়া গ্রামের হাফিজুর রহমানের মেয়ে এবং একই উপজেলার জুড়াপুকুরিয়া গ্রামের সেলিম রেজার স্ত্রী। তিনি এ বছর সরকারি কেসি কলেজ থেকে অনার্স পরীক্ষা শেষ করেছেন।

স্বজনরা জানান, রোববার দুপুরে সুমাইয়া তার স্বামীর সঙ্গে চুয়াডাঙ্গার আক্কাস লেকভিউ পার্কে বেড়াতে যাচ্ছিলেন। তারা সাধুহাটী মোড় পার হয়ে চুয়াডাঙ্গা অভিমুখে যাওয়ার সময় বুড়াই বাসস্ট্যান্ডের কাছাকাছি পৌঁছালে সুমাইয়ার গলার ওড়না ইজি বাইকের মোটরে পেঁচিয়ে যায়। এতে তিনি মাথায় আঘাত পেয়ে গুরুতর আহত হন। পরে তাকে দ্রুত ঝিনাইদহ সদর হাসপাতালে নেওয়া হলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

ঘটনাস্থল পরিদর্শন শেষে ঝিনাইদহ সদর হাইওয়ে থানার পুলিশ বিকাল ৪টার দিকে পরিবারের কাছে সুমাইয়ার মরদেহ হস্তান্তর করে। সুমাইয়ার মৃত্যুর খবরে পরিবারে শোকের ছায়া নেমে আসে।

কোটচাঁদপুরে গলায় ওড়না পেচিয়ে

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র অনন্য গাঙ্গুলির আত্মহত্যা

ঝিনাইদহের কোটচাঁদপুরে গলায় ওড়না পেচিয়ে আত্মহত্যা করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র অনন্য গাঙ্গুলি (২৫)। গতকাল রবিবার পুলিশ তাঁর ঝুলন্ত মৃতদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য ঝিনাইদহের মর্গে পাঠিয়েছেন।

জানা যায়, গত শনিবার রাতে অনন্য ঢাকা থেকে বাড়িতে আসে। রাতে খাবার খেয়ে সে তাঁর শোবার ঘরে চলে যায়। সকাল ৮টার দিকে তাঁর মা নাস্তা বানিয়ে খাবার জন্য ডাকছিলো। এসময় তাঁর কোনো সাড়া না পেয়ে পাশের জানালা দিয়ে উকি দিয়ে দেখতে পান ঝুলন্ত মৃতদেহ। খবর পেয়ে পুলিশ স্বজনদের সহায়তায় মৃতদেহ উদ্ধার করেন।

অনন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের শিক্ষার্থী ছিলেন। তাঁর মা রাধা রানী বর্তমানে কোটচাঁদপুর বালিকা প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের দায়িত্বে আছেন। আর পিতা প্রদ্যুৎ কুমার গাঙ্গুলি ছিলেন কোটচাঁদপুর মহিলা কলেজের ইংরেজি বিভাগের সাবেক প্রভাষক।

কোটচাঁদপুর বাজার পাড়ার হাইস্কুল সড়কের সাবেক প্রভাষক প্রদ্যুৎ কুমার গাঙ্গুলির ছেলে।

কোটচাঁদপুর থানার (ওসি তদন্ত) এনায়েত আলী খন্দকার বলেন, খবর পেয়ে ঘটনাস্থলে যায়। এরপর তাঁর স্বজনদের সহায়তায় শিক্ষার্থীর ঝুলন্ত মৃতদেহ উদ্ধার করা হয়। পরে মৃতদেহ ময়না তদন্তের জন্য ঝিনাইদহ মর্গে পাঠানো হয়েছে।

তিনি বলেন, মৃত্যুর কারণ সম্পর্কে তেমন কিছু জানা যায়নি। লাশ ময়না তদন্তের জন্য পাঠানো হয়েছে। তদন্তের পর মৃত্যুর প্রকৃত কারণ সম্পর্কে জানানো সম্ভব হবে।

ঝিনাইদহ-১ আসনের পোস্টাল ব্যালটে ভুল

সংসদীয় এলাকা-৮১ ঝিনাইদহ -১ (শৈলকুপা) আসনে পোস্টাল ভুল প্রতিক ছাপার অভিযোগ পাওয়া গেছে। গত কয়েকদিন ধরে পোষ্ট অফিসের মাধ্যমে পাওয়া ব্যালট পেপারে বিপ্লবী কমিউনিস্ট লীগ (মার্কসবাদী) মনোনীত প্রার্থী মোঃ শহিদুল ইসলাম পল্লবের কাঁচি প্রতিকের স্থলে কাস্তে প্রতিক ছাপা হয়েছে ।

ব্যাপারে ভোট দাতারা কাঁচি প্রতিকের প্রার্থীর কাছে বিষয়টি অবহিত করার পর তিনি জেলা নির্বাচন অফিসারের কাছে বিষয়টি অবহিত করেন। এই আসনে পোষ্টাল ব্যালটে ভোট রয়েছে মোট ৪৪০০।

উল্লেখ, আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ভোটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও প্রবাসী ভোটারদের নিকট ভোট দানের জন্য ব্যালট পেপার পাঠানো হয়েছে। ব্যালট পোপার হাতে পাওয়ার পর খুলে দেখা গেছে ঝিনাইদহ-১ আসনের ব্যালট পেপারে শহিদুল এনাম পল্লবের কাঁচি প্রতিকের স্থলে কাস্তে প্রতিক ছাপা হয়েছে। এই আসনে ৫জনের মধ্যে ধানের শীষ, দাড়িপাল্লা, লাঙ্গল, ঈগলপাখি এবং কাঁচি প্রতিকের প্রার্থী রয়েছে। কিন্তু কাস্তে প্রতিকের কোন প্রার্থী নেই। বিষয়টি নিয়ে মো. শহিদুল এনাম পল্লব বলেন, নির্বাচন কমিশনকে বিষয়টি অবহিত করেছি।

জেলা নির্বাচন অফিসার আবুল হোসেন বিষয়টি নির্বাচন কমিশন কে জানিয়ে সমাধান করবেন বলে জানিয়েছেন। বিষয়টি নিয়ে নেটিজেনদের মধ্যে ব্যাপক সমালোচনার ঝড় উঠেছে।

ঝিনাইদহ জেলা নির্বাচন অফিসার আবুল হোসেন বলেন, বিষয়টি আমি অবহিত হওয়ার পর পরই নির্বাচন কমিশনকে জানিয়েছি ভোটদান সিস্টেম বন্ধ করা হয়েছে। দুই একের মধ্যেই বিষয়টি সমাধান হবে বলে আশা করছি। নিববন্ধনধারীদের নিকট দ্রুততম সময়ের মধ্যে আবার নতুন ব্যালট পাঠানো হবে।

কালীগঞ্জে বিএনপির কার্যালয়ে সংঘর্ষের ঘটনায় পুলিশের মামলা: ইউপি চেয়ারম্যানসহ আটক ৬

ঝিনাইদহের কালীগঞ্জে বিএনপি’র প্রার্থী রাশেদ খানের কার্যালয়ে নির্বাচন উত্তর পর্যালোচনা সভায় দু’পক্ষের সংঘর্ষের সময়ে পুলিশের উপর হামলার ঘটনায় পুলিশ বাদী হয়ে ৮ জনের নাম উল্লেখসহ অজ্ঞাতনামা আরও কয়েকজনের বিরুদ্ধে মামলা করেছে।

গতকাল শনিবার কালীগঞ্জ থানার এস আই জাহিদ হোসেন বাদী হয়ে এ মামলাটি দায়ের করেন। এ ঘটনায় শনিবার বিকেলে ৬ জনকে আটক করেছে পুলিশ। আটককৃতরা হলো- মহারাজ পুর ইউনিয়নের চেয়ারম্যান খুরশিদ আলম, মতি মিয়া, মনিরুল ইসলাম, নুর আঙ্গির মন্ডল, পলাশ মন্ডল ও ওলাদ হোসেন। আটককৃতরা সবাই সদর উপজেলার খামারইল ও বিষয়খালী এলাকার বাসিন্দা।

মামলার বিবরণে উল্লেখ করা হয়েছে, নির্বাচনী কার্যক্রমকে কেন্দ্র করে শুক্রবার সকালে রাশেদ খানের কার্যালয়ে বিএনপির দু’পক্ষের মধ্যে সংঘষ ও মারধরের ঘটনা ঘটে। এ সময় তারা দায়িত্বরত পুলিশ সদস্যদের ওপরও হামলা চালায়। এতে কালীগঞ্জ থানার ৩ জন পুলিশ সদস্য আহত হয়। এ ঘটনার মামলায় অভিযুক্তদের আটকে পুলিশ শনিবার বিকেল সাড়ে ৩টায় বিষয়খালী বাজারে অভিযান চালিয়ে ৬ জনকে আটক করে।

কালীগঞ্জ থানার অফিসার্স ইনচাজ (ওসি) জেল্লাল হোসেন জানান, পুলিশের উপর হামলার ঘটনায় একটি মামলায় ৬ জনকে আটক করা হয়েছে। গ্রেপ্তারকৃতদের ঝিনাইদহ আদালতে সোপর্দ করা হয়েছে।

ঝিনাইদহে আওয়ামী লীগের ভোট

টানতে মরিয়া প্রার্থীরা

ঝিনাইদহের চারটি সংসদীয় আসনে নির্বাচনী প্রচার-প্রচারণা জমে উঠেছে। নিজেদের পক্ষে ভোট টানতে বিভিন্ন রাজনৈতিক দলের প্রার্থীরা ভোটারদের দ্বারে দ্বারে যাচ্ছেন। দিচ্ছেন উন্নয়নের নানা প্রতিশ্রুতি। বিশেষ করে আওয়ামী লীগের ভোটারদের সমর্থন পেতে অধিকাংশ প্রার্থী সরব হয়েছেন।

আওয়ামী লীগের সাধারণ নেতাকর্মীদের ওপর জুলুম করা যাবে না বলে বিভিন্ন সমাবেশে বক্তব্য রাখছেন তাঁরা। তাদের হয়রানি না করতেও হুঁশিয়ারি দিচ্ছেন। আওয়ামী লীগের ভোটারদের নিরাপত্তা নিশ্চিত করা এই সরকারের দায়িত্ব বলেও মন্তব্য করেছেন কেউ কেউ। অনেকে দাবি করেছেন, তা না হলে নির্বাচনের নিরপেক্ষতা প্রশ্নের মুখে পড়বে।

জানা গেছে, ঝিনাইদহ-১ (শৈলকুপা) আসনে বিএনপির প্রার্থী সাবেক অ্যাটর্নি জেনারেল মো. আসাদুজ্জামান ধানের শীষ প্রতীকে নির্বাচন করছেন। সম্প্রতি তিনি তাঁর নির্বাচনী এলাকায় আওয়ামী লীগের ভোটারদের সমর্থন পেতে প্রকাশ্যে দলটির পক্ষে বক্তব্য দিয়েছেন।

একটি নির্বাচনী সভায় মো. আসাদুজ্জামান বলেন, ‘আওয়ামী লীগে যেমন খুনি আছে, তেমনি অনেক আদর্শিক সৈনিকও আছে। জুলাই গণঅভ্যুত্থানের পর আওয়ামী লীগকে নিষিদ্ধ করার জন্য জামায়াতে ইসলামীর পক্ষ থেকে রিট পিটিশন দায়ের করা হয়েছিল। আমি তখন অ্যাটর্নি জেনারেল ছিলাম, সেটি আমি হতে দেইনি।’

ঝিনাইদহ-৪ (কালীগঞ্জ ও সদরের আংশিক) আসনে বিএনপির প্রার্থী গণঅধিকার পরিষদের সাবেক সাধারণ সম্পাদক রাশেদ খাঁন ধানের শীষ প্রতীকে নির্বাচন করছেন। তিনিও নির্বাচনী প্রচারে কৌশলে আওয়ামী লীগের সাধারণ ভোটারদের সমর্থন অর্জনের চেষ্টা চালাচ্ছেন।

বিভিন্ন সভা-সমাবেশে তিনি বলেন, ‘আওয়ামী লীগের নিরীহ ও সাধারণ কাউকে যেন জুলুম বা অত্যাচার করা না হয়।’ চব্বিশের ৫ আগস্টের পর আওয়ামী লীগের নেতাকর্মীদের কাছ থেকে চাঁদাবাজির বিরুদ্ধেও তিনি প্রকাশ্যে কথা বলছেন।

এছাড়া নির্বাচনকে কেন্দ্র করে জামায়াতে ইসলামীর প্রার্থীরাও আওয়ামী লীগের ভোট টানতে সর্বোচ্চ চেষ্টা চালিয়ে যাচ্ছেন। দলটির নেতাকর্মীরা আওয়ামী লীগের ভোটারদের বাড়ি বাড়ি গিয়ে তাদের

নিরাপত্তা নিশ্চিতের আশ্বাস দিচ্ছেন।

অপরদিকে ঝিনাইদহ-২ ও ঝিনাইদহ-৪ আসনের অন্যান্য প্রার্থী ও তাঁদের কর্মী-সমর্থকরাও আওয়ামী লীগের ভোটারদের কাছে টানতে নানা কৌশল অবলম্বন করছেন।

জেলা সচেতন নাগরিক সমাজের প্রতিনিধি আনোয়ারুজ্জামান আজাদ বলেন, ‘কার্যক্রম নিষিদ্ধ থাকায় এবারের সংসদ নির্বাচনে আওয়ামী লীগ কার্যত নির্বাচনী মাঠে নেই। ঝিনাইদহের সবকটি আসনেই মূল প্রতিদ্বন্দ্বিতা বিএনপি ও জামায়াতে ইসলামীর প্রার্থীদের মধ্যে। এ কারণে প্রার্থীরা কৌশলে আওয়ামী লীগের ভোটার টানার চেষ্টা করছেন। কেউ কেউ আওয়ামী লীগ-সমর্থিত ভোটারদের নিরাপদে রাখার আশ্বাস দিচ্ছেন, আবার কেউ কেউ ভোট না দিলে নানা ধরনের ভয়ভীতি দেখাচ্ছেন। এটি ভোটের রাজনীতির একটি অংশ হয়ে উঠেছে। তবে আওয়ামী লীগের ভোট কোন প্রার্থী পাবে, তা এখনই বলা যাচ্ছে না।’

তিনি আরও বলেন, ‘ঝিনাইদহ-৪ আসনে বিএনপির নেতা-কর্মীরা স্বতন্ত্র প্রার্থীর কর্মী ও সমর্থকদের বিভিন্নভাবে হয়রানি করছেন বলেও অভিযোগ রয়েছে। এছাড়া বিভিন্ন এলাকায় বিএনপি ও জামায়াতের কর্মীরা একে অপরের পোস্টার ছিঁড়ে ফেলছে। অনেককে ভয়ভীতি দেখানো হয়েছে, যা নির্বাচনের লেভেল প্লেয়িং ফিল্ড নষ্ট করছে। এ বিষয়ে সংশ্লিষ্টদের নজরদারি আরও বাড়াতে হবে।’

ঝিনাইদহের চারটি সংসদীয় আসনে মোট ২১ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। এবারের নির্বাচনে জেলার চারটি আসনে মোট ১৫ লাখ ৯৬ হাজার ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগ করবেন। এর মধ্যে নারী ভোটার ৮ লাখ ৯৫ হাজার ৯৮৪ জন, পুরুষ ভোটার ৮ লাখ ৩৯০ জন এবং তৃতীয় লিঙ্গের ভোটার ২৯ জন।

হরিণাকুণ্ডুতে মাদ্রাসা

শিক্ষার্থীকে বিক্রয়ের অভিযোগে গ্রেপ্তার ২

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার মান্দ্রারতলা গ্রামের রিয়াদ হোসেন (১৩) নামের এক ছেলেকে বিক্রি করে দেওয়ার অভিযোগ উঠেছে প্রতিবেশী শরিফুলের ছেলে সুমনের বিরুদ্ধে। রিয়াদ হোসেন ওই গ্রামের নাসির উদ্দীনের ছেলে এবং একই উপজেলার শিতলী গ্রামের রোকেয়া খাতুন হাফিজিয়া মাদ্রাসার ছাত্র।

এ ব্যাপার থানায় অভিযোগ করেছে রিয়াদের পিতা এবং সেই অভিযোগের ভিত্তিতে একই গ্রামের সুমন (২৩) পিতা শরিফুল এবং শ্যামলী খাতুন
(৩৫) স্বামী শরিফুল ইসলাম নামে দুই জনকে গ্রেপ্তার করেছে পুলিশ।

মামলার এজাহারে জানা যায়, কয়েকদিন আগে প্রতিবেশী শরিফুলের ছেলে সুমন রিয়াদকে ভোলায় নিয়ে গিয়ে বেঁচে দিয়েছে। তাছাড়া একই গ্রামের নৈমদ্দিন মন্ডলের ছেলে রবিউল এবং কৃষক আফজাল হোসেন জানান, রিয়াদেগর প্রতিবেশী সুমন রিয়াদকে ভোলায় নিয়ে যায় পরবর্তীতে তাকে আর বাড়িতে ফিরিয়ে আনেনি। সুমনের পরিবারের পক্ষ থেকে জানা গেছে ভোলা থেকে ফেরত আসার পথে রিয়াদ তার কাছ থেকে পালিয়ে চলে যায়। তাকে আর খুঁজে না পেয়ে সুমন বাড়িতে ফিরে আসে।

নাম প্রকাশে অনিচ্ছুক এক নারী জানান, সুমন আলী এই কাজ করার আগে, হরিণাকুণ্ডু উপজেলার তৃতীয় লিঙ্গের (হিজড়া) বিপ্লবের সাথে ঐ বিষয়ে যোগাযোগ করেন। সন্দেহ করা হচ্ছে রিয়াদকে হিজড়াদের কাছেও বিক্রয় করতে পারে।

ভুক্তভোগী নাসির উদ্দীন জানান, তার ছেলেকে কোথায় রেখে বিক্রয় করেছেন এবং তাকে ফেরত চাইতে সুমনের সাথে কথা বলতে গেলে সেখানেই তাকে এলোপাতাড়ি মারধর করে রক্তাক্ত জখম করেন সুমন। কোনো উপায়ান্ত না পেয়ে আমি থানায় একটি মামলা করি।

হরিণাকুণ্ডু থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ গোলাম কিবরিয়া জানান, গত ৩০ জানুয়ারি নারী ও শিশু নির্যাতন আইনে ৭/৩০ ধারায়, কয়েকজন অজ্ঞাতনামা এবং তিন জনকে আসামী করে একটি মামলা দায়ের করেন রিয়াদেও পরিবার। এ মামলার সূত্র ধরে ২ জন আসামীকে গ্রেপ্তার করা হয়েছে। গ্রেপ্তারকৃতরা হলেন, সুমন(২৩) পিতা শরিফুল ও শ্যামলী খাতুন স্বামী শরিফুল ইসলাম। একইদিনে আইনি প্রক্রিয়া

শেষে তাদেরকে ঝিনাইদহ জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

হরিণাকুণ্ডুতে ভোট গ্রহন কর্মকর্তাদের প্রশিক্ষণ অনুষ্ঠিত

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ ও গণভোট নির্বাচনের ঝিনাইদহ-২ (সদর-হরিণাকুণ্ডু) আসনের হরিণাকুণ্ডু উপজেলার ভোটগ্রহন কর্মকর্তাদের দুইদিনব্যাপি প্রশিক্ষণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

হরিণাকুণ্ডু সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ে শুক্র ও শনিবার দুদিন ব্যাপি এই প্রশিক্ষন কর্মসূচী অনুষ্ঠিত হয়।

দুদিনব্যাপি এ প্রশিক্ষনে উপজেলার ৬৫টি ভোট কেন্দ্রের জন্য ৫শতাংশ অতিরিক্ত ধরে ৬৯জন প্রিজাইডিং অফিসার, ৩৫৪জন সহকারী প্রিজাইডিং অফিসার এবং ৭০৮ জন পোলিং অফিসার অংশ গ্রহন করেন।

প্রশিক্ষণের সমাপনী দিন শনিবার বেলা ১১ টায় হরিণাকুণ্ডু সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে প্রশিক্ষণ কর্মসূচী পরিদর্শন করেণ এবং দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন জেলা রিটার্নিং অফিসার ও জেলা প্রশাসক মোঃ আব্দুল্লাহ আল মাসউদ। এসময় উপস্থিত ছিলেন জেলা পুলিশ সুপার মোঃ মাহফুজ মাফজাল এবং জেলা নির্বাচন অফিসার মোঃ আবুল হোসেন।

প্রশিক্ষণ কর্মসূচি ও আলোচনা সভায় সভাপতিত্ব করেন হরিণাকুণ্ডু উপজেলা নির্বাহী অফিসার ও সহকারি রিটার্নিং কর্মকর্তা মোহাম্মদ দিদারুল আলম।

শৈলকুপায় সংযোগ ফাউন্ডেশনের

উদ্যোগে শিক্ষাসামগ্রী বিতরণ

সংযোগ ফাউন্ডেশন এর সহযোগিতায় ঝিনাইদাহ জেলার শৈলকুপা উপজেলার ‘সুবিধাবঞ্চিত শিক্ষার্থীদের মাঝে শিক্ষাসামগ্রী প্রদান করা হয়।

গত বৃহস্পতিবার বিকালে উপজেলার ‘আলমডাঙ্গা নূরানী ও হাফেজিয়া মাদ্রাসা’র ১৫০ শিক্ষার্থীর মাঝে এসব সামগ্রী প্রদান করা হয়। এসময় উপস্থিত ছিলেন, সংযোগ ভলেন্টিয়ার্স প্রোগ্রামের ঝিনাইদহ জেলার উপদেষ্টা মন্ডলির সদস্যদের মধ্যে সহকারী অধ্যাপক (অব:) ও সাংবাদিক খুরশিদ মোহাঃ সালেহ, দৈনিক ইত্তেফাকের সাংবাদিক ও সহকারী অধ্যাপক মোঃ শাহানুর আলম, ঝিনাইদহ জেলার প্রধান সমন্বয়কারী মুন্সী মোঃ আবু হাসান, সহ সমন্বয়ক খুরশিদ সাকলাইন কাব্য, প্রতিষ্ঠানের প্রিন্সিপাল হাফেজ মাওলানা মনিরুজ্জামান মিরাজ, সহকারী প্রিন্সিপাল মোঃ রিয়াদ হাসান, পরিচালনা পরিষদের সদস্য মোঃ রজব আলী প্রমূখ।

বিতরণকালে জেলার প্রধান সমন্বয়কারী মুন্সী মোঃ আবু হাসান বলেন, এ অঞ্চলের ঝরে পড়া অসহায় সুবিধাবঞ্চিত, প্রতিবন্ধী ও এতিম শিশু কিশোরদের পাশে দাড়ানো আমাদের প্রধান লক্ষ্য এবং তাঁদের বেসিক ধর্মীয় এবং প্রাক প্রাথমিক শিক্ষা নিশ্চিত করা আমাদের সকলের দায়িত্ব। তিনি সমাজের বিত্তবানদের এসকল কাজে এগিয়ে আসার আহ্বান জানান।

পে-স্কেল বাস্তবায়নের দাবিতে

ঝিনাইদহে বিক্ষোভ

জাতীয় পে-স্কেল বাস্তবায়নের দাবিতে ঝিনাইদহে বিক্ষোভ কর্মসূচি পালন করেছেন বিচার বিভাগীয় কর্মচারীরা।

বৃহস্পতিবার (২৯ জানুয়ারি) সকালে জেলা ও দায়রা জজ আদালতের সামনে

এ কর্মসূচির আয়োজন করে বিচার বিভাগীয় কর্মচারী অ্যাসোসিয়েশন। এতে সংগঠনটির জেলা শাখার সভাপতি সুব্রত কুমার ঘোষ, সাধারণ সম্পাদক আসাফুদ্দোলা মাসুম, যুগ্ম সম্পাদক হাবিবুর রহমান, সহ-সাধারণ সম্পাদক জিয়াউর রহমান, রবিউল ইসলামসহ অন্যান্য নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।

এ সময় বক্তারা জাতীয় নির্বাচনের আগেই পে-স্কেল ঘোষণা করতে সরকারের প্রতি আহ্বান জানান। দ্রুত দাবি মানা না হলে কলম বিরতিসহ কঠোর কর্মসূচি ঘোষণার হুঁশিয়ারি দেন বক্তারা।

সমাবেশ শেষে সেখান থেকে একটি বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি জেলা জজ আদালত চত্বর থেকে শুরু হয়ে ম্যাজিস্ট্রেট আদালত চত্বর প্রদক্ষিণ করে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে গিয়ে শেষ হয়।

শৈলকুপায় জমি নিয়ে বিরোধের জেরে দু’পক্ষের সংঘর্ষে ২০ জন আহত

ঝিনাইদহের শৈলকুপায় জমি নিয়ে বিরোধের জের ধরে দু’পক্ষের সংঘর্ষে অন্তত ২০জন আহত হয়েছে। আজ বৃহস্পতিবার সকালে উপজেলার সাধুখালি গ্রামে এ ঘটনা ঘটে।

স্থানীয়রা জানায়, সাধুখালী গ্রামের শহিদুল মাস্টারের সঙ্গে দীর্ঘদিন ধরে জমি নিয়ে বিরোধ চলে আসছিল একই এলাকার নূর আলী ও বাদশার।

আজ বৃহস্পতিবার সকালে নূর আলী ও বাদশার লোকজন ওই জমি দখল নিতে গেলে শহিদুল মাস্টারের পক্ষের লোকজন বাধা দেয়। এ সময় উভয় পক্ষের মধ্যে সংঘর্ষ বেধে যায়। সংঘর্ষে উভয় পক্ষের অন্তত ২০জন আহত হন। আহতদের উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতাল ও শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।

খবর পেয়ে শৈলকুপা থানা পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি

নিয়ন্ত্রণে আনে। বর্তমানে ওই এলাকায় চরম উত্তেজনা বিরাজ করছে। শৈলকুপা থানার ওসি হুমায়ন কবির মোল্লা বলেন, খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে এনেছি। এলাকায় উত্তেজনা থাকায় পুলিশ মোতায়েন করা হয়েছে।